তারিখ: 25 APR 2016
পৃষ্ঠা: ৬ কলাম: ২

দৈনিক
ইত্তেফাক

# শিক্ষাপ্রতিষ্ঠানে নৈমিত্তিক ছুটি

সরকারি বা আধা সরকারি একজন কর্মকর্তা বা কর্মচারীর প্রতি পঞ্জিকাবর্ষে ২০ দিন নৈমিত্তিক ছুটি ভোগ করার বিধান আছে। বর্তমানে শিক্ষাপ্রতিষ্ঠান ছাড়া অন্যান্য সরকারি দপ্তর সপ্তাহে শুক্র ও শনি দুইদিন সাপ্তাহিক ছুটি থাকে। ফলে রবি বা বৃহস্পতিবার অন্য কোনো ছুটি থাকলে তারা নৈমিত্তিক ছুটি ছাড়া কর্মস্থল ত্যাগ করতে পারেন এবং একটানা ৩দিন কার্যালয়ে অনুপস্থিত থাকার সুযোগ পান। কিন্তু আমরা যারা শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষক বা কর্মচারী হিসাবে কর্মরত, তারা রবিবারে সাধারণ ছুটি থাকলে শনিবার নৈমিত্তিক ছুটি নিয়েও ৩দিন অনুপস্থিত থাকতে পারি না। কারণ নৈমিত্তিক ছুটির আগে-পরে সরকারি ছুটি থাকলে ১দিন বাড়িয়ে নৈমিত্তিক ছুটি গ্রহণ করতে হয়। যেমন আগামী ১ মে আন্তর্জাতিক শ্রম দিবস উপলক্ষে অন্যান্য দপ্তরের কর্মচারীরা শুক্র থেকে রবিবার পর্যন্ত ৩দিন নৈমিত্তিক ছুটি ছাড়া নিজ পরিবারের সঙ্গে কাটাতে পারবেন। কিন্তু আমরা শিক্ষকরা ঐ তিনদিন পরিবারের সঙ্গে কাটাতে চাইলে ২দিনের নৈমিত্তিক ছুটি নিতে হবে। ফলে একজন শিক্ষকের জন্য ১ মের ছুটি কোনো কাজে এল না। এদিকে বিভিন্ন দিবস উপলক্ষে শিক্ষাপ্রতিষ্ঠানে উপস্থিত থেকে অনুষ্ঠান করতে হয়। তাই সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সমীপে বিনীত আবেদন এই যে, শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের জন্য দুই সরকারি ছুটির মধ্যবর্তী শুধু খোলা দিনগুলোর জন্যই নৈমিত্তিক ছুটি নেওয়ার বিধান করা হোক।

**মো. আবুল বাসার,**
শিক্ষক, সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ,
মাইজদী, নোয়াখালী